



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৬ জুন ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

গুইমারায় ইউপিডিএফ সংগঠক ঝিমিত চাকমার ওপর

সেনা-ঠ্যাঙারেদের হামলার নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির গুইমারায় ইউপিডিএফ সংগঠক ঝিমিত চাকমার ওপর সেনাবাহিনী ও ঠ্যাঙাড়ে সন্ত্রাসীদের সশস্ত্র হামলা ও আহত অবস্থায় তাঁকে আটকের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ শুক্রবার, ২৬ জুন ২০২৬ সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা উক্ত কাপুরুশোচিত হামলার নিন্দা ও প্রতিবাদ জানান।

বিবৃতিতে অংগ্য মারমা অভিযোগ করে বলেন, আজ সকাল ৭টার দিকে গুইমারা উপজেলার হাফছড়ি ইউনিয়নের ৯নং ওয়ার্ডের পাইনং পাড়া এলাকায় আগে থেকে ওঁৎ পেতে থাকা সেনাবাহিনী ও ঠ্যাঙাড়ে সন্ত্রাসীরা ইউপিডিএফ সংগঠক ঝিমিত চাকমার ওপর অতর্কিতে সশস্ত্র হামলা চালায়। এতে তিনি গুলিবিদ্ধ হয়ে আহত হন। পরে আহত অবস্থায় সেনারা তাকে আটক করে নিয়ে যায়।

ইউপিডিএফের ওপর নিষ্ঠুর দমন-পীড়ন চালানো হচ্ছে উল্লেখ করে অংগ্য মারমা বলেন, শাসকগোষ্ঠী ইউপিডিএফকে রাজনৈতিকভাবে মোকাবেলা করতে ব্যর্থ হয়ে নিকৃষ্টভাবে সন্ত্রাসী কায়দায় খুনের পছা বেছে নিয়েছে এবং প্রতিনিয়ত ইউপিডিএফ নেতা-কর্মীদের খুন, গ্রেফতারসহ মানবাধিকার লঙ্ঘন করে যাচ্ছে।

বিবৃতিতে তিনি দৃঢ়তার সাথে বলেন, অতীতেও ইউপিডিএফের ওপর নিষ্ঠুর আক্রমণ করা হয়েছে। কিন্তু ইউপিডিএফের আন্দোলন দমন করা যায়নি। অন্যায় দমন-পীড়ন ও খুন-গুম করে জনগণের ন্যায্য দাবির আন্দোলন থেকে ইউপিডিএফকে বিরত রাখা যাবে না।

বিবৃতিতে অংগ্য মারমা ইউপিডিএফের ওপর চলমান রাজনৈতিক দমন-পীড়নের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন। ঝিমিত চাকমাকে জনগণের নেতা আখ্যায়িত করে ইউপিডিএফ নেতা বলেন, 'তিনি জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য নিরলসভাবে সংগ্রাম করে যাচ্ছেন। কাজেই জনগণের নেতাকে জনগণকেই রক্ষা করতে হবে।'

তিনি অবিলম্বে ঝিমিত চাকমাকে নিঃশর্ত মুক্তি দেয়ার জোর দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)